



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং-৪৩/পরী/সরঞ্জাম/(আংশিক-১)/ ২৭৮

তারিখ: ২২/০৯/২০১৭

বিষয় : ২০১৭ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৭ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে উল্লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও বার	জেলাসমূহ	তারিখ ও বার	জেলাসমূহ
১০/১০/২০১৭ মঙ্গলবার	ফরিদপুর ও গোপালগঞ্জ জেলার কেন্দ্রসমূহ	১৮/১০/২০১৭ বুধবার	নরসিংদী ও রাজবাড়ী জেলার কেন্দ্রসমূহ
১১/১০/২০১৭ বুধবার	মাদারীপুর ও শরীয়তপুর জেলার কেন্দ্রসমূহ	১৯/১০/২০১৭ বৃহস্পতিবার	টাংগাইল জেলার কেন্দ্রসমূহ
১২/১০/২০১৭ বৃহস্পতিবার	কিশোরগঞ্জ জেলার কেন্দ্রসমূহ	২১/১০/২০১৭ শনিবার	মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ জেলার কেন্দ্রসমূহ
১৪/১০/২০১৭ শনিবার	নেত্রকোনা জেলার কেন্দ্রসমূহ	২২/১০/২০১৭ রবিবার	গাজীপুর জেলার কেন্দ্রসমূহ
১৫/১০/২০১৭ রবিবার	জামালপুর জেলার কেন্দ্রসমূহ	২৩/১০/২০১৭ সোমবার	ঢাকা জেলার কেন্দ্রসমূহ
১৬/১০/২০১৭ সোমবার	ময়মনসিংহ জেলার কেন্দ্রসমূহ	২৪/১০/২০১৭ মঙ্গলবার	ঢাকা মহানগরীর কেন্দ্র ঢাকা-০১ থেকে ঢাকা-৩৭ পর্যন্ত
১৭/১০/২০১৭ মঙ্গলবার	নারায়ণগঞ্জ ও শেরপুর জেলার কেন্দ্র সমূহ	২৫/১০/২০১৭ বুধবার	ঢাকা মহানগরীর কেন্দ্র ঢাকা-৩৮ থেকে অবশিষ্ট কেন্দ্রসমূহ

উল্লেখ্য, নির্ধারিত তারিখে সরঞ্জামাদি গ্রহণের ক্ষেত্রে কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি কেন্দ্র কমিটির সাথে সংশ্লিষ্ট)-এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারি অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। প্রধান শিক্ষক/শিক্ষিকা, অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/শিক্ষিকা ও অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের আবেদনপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের বেলায় প্রাধিকার (Authorised) পত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে।

প্রকাশ থাকে যে, বর্তমানে ঢাকা শহরে সকাল ৮.০০টা হতে রাত ৯.০০টা পর্যন্ত ট্রাক চলাচল নিষিদ্ধ থাকায় বাস ব্যতীত বিকল্প পরিবহনের ব্যবস্থা করতে হবে এবং সরঞ্জামাদি গাড়িতে উঠানোর জন্য বোর্ড কর্তৃপক্ষ কোন ব্যয় বহন করবেন না।

চেয়ারম্যানের আদেশক্রমে

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫, ০১৭৫৫৫০৯১১৩

প্রাপক : কেন্দ্র সচিব/ প্রধান শিক্ষক

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা-২০১৭

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র

স্মারক নং- ৪৩/পরী/সরঞ্জাম/(আংশিক-১)/ ২৭৮ (৬০০)
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ২২/০৯/২০১৭

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৩. উপসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ আল মাসুদ করিম

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১৭৬৯৬, ০১৭১২৭০৩২৩৩